

কোষ্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ১১ জুন ২০১৭।

প্রতি : নেটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : সহকারী পরিচালক-প্রশাসন এবং এসআর

বিষয় : পরিত্র ঈদুল ফিতর এর ছুটি, অফিস নিরাপত্তা, বেতন ও উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

ঈদুল ফিতর এর আগ্রাম শুভেচছা রইল।

বর্তমান বছরের ছুটির পরিকল্পনা অনুযায়ী ২৫ জুন থেকে ২৯ জুন ২০১৭ পর্যন্ত পরিত্র ঈদুল ফিতর এর ছুটি ঘোষণা করা হলো।
নিম্নে ছুটির বিবরণ এবং ছুটিকালীন সময়ে করণীয় ব্যবস্থা উল্লেখ করা হলো।

১. ছুটির বিবরণঃ

- ২৫, ২৬ ও ২৭ জুন ২০১৭ সংস্থার ছুটি।
- ২৮, ২৯ জুন কর্মীদের (বাধ্যতামূলক ছুটি) বার্ষিক ছুটি থেকে কর্তন হবে।

২. ছুটিতে যাবার পূর্বে বার্ষিক ছুটি নথীকরন ফরমে লিপিবদ্ধ করতে হবে তবে আবেদন পত্র পুরন করতে হবে না।

৩. সকল কর্মী ২২ জুন, ২০১৭ তারিখ যথারীতি অফিস শেষ করে কর্মস্থল ত্যাগ করবেন।

৪. উল্লেখ্য যে, সংস্থার কার্যক্রমের স্বার্থে সকল পর্যায়ের কর্মীদের ছুটি বাতিল ও পরিবর্তন করা হতে পারে। শাখা
ব্যবস্থাপক থেকে সকল পর্যায়ের উর্ধ্বতন কর্মীগনকে সার্বক্ষণিক মোবাইল চালু রাখতে হবে।

৫. ছুটিতে যাবার পূর্বে সকল কর্মীদের অফিস পরিষ্কার- পরিচ্ছন্ন, কাগজ পত্র ফাইলিং করে যেতে হবে এবং অফিস
টেবিলে কোন কাগজ পত্র থাকতে পারবে না।

৬. সকল কর্মী অবশ্যই ১ জুলাই ২০১৭ তারিখ সন্ধা ৬.০০ টার মধ্যে স্ব-স্ব কর্মস্থলে যোগদান করতে হবে। ২ জুলাই
২০১৭ তারিখ থেকে যথারীতি অফিস শুরু হবে।

৭. অফিস বন্ধকালীন সময় পাহাড়া দেয়ার জন্য শাখা ব্যবস্থাপকের পরিচিত নিজ দায়িত্বে একজন পাহাড়াদার নিয়োগ
দিতে হবে। দৈনন্দিন ২৫০ টাকা হারে সম্মানী প্রদান করা যাবে। এক্ষেত্রে বর্তমানে কর্মরত সেবাকর্মী যদি থাকে তাকে
অগ্রাধিকার দিতে হবে। বর্তমান সেবাকর্মী ব্যতিত অন্য কাউকে পাহাড়াদার নিয়োগ করা হলো, তার বায়োডাটা ও এক
কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১৫ জুন, ২০১৭ তারিখের মধ্যে হেড-মানব সম্পদ ব্যবস্থাপনা এর বরাবরে
পাঠাতে হবে। পাহাড়াদার বন্ধকালীন সময়ে প্রতিদিন সংশ্লিষ্ট আর্পিসি / পিসি এর সাথে সংশ্লিষ্ট এলাকা থেকে
মোবাইলে যোগাযোগ করবেন। এর জন্য ১০০/ টাকা খরচ প্রদান করা হবে।

৮. ২২ জুন ২০১৭ তারিখে সংস্থার সকল অর্থ ব্যাংকে জমা দিতে হবে, কোন অর্থ হাতে রাখা যাবে না। যদি কারো হাতে
টাকা ছিল প্রমাণিত হয়, তা হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, ২৩ জুন হতে ১ জুলাই ২০১৭ পর্যন্ত
সমিতি মিটিং, কিস্তি আদায় ও সংস্থার সকল প্রকার লেনদেন বন্ধ থাকবে।